

বিসিক আঞ্চলিক কার্যালয়ের কার্যক্রম

১. জেলা শিল্প সহায়ক কেন্দ্রের উন্নয়ন ও সম্প্রসারণ মূলক কর্মকান্ডসহ সার্বিক কর্মকান্ড তদারকিকরণ, প্রয়োজনীয় সহায়তা প্রদান ও তথ্য সংগ্রহ এবং প্রধান কার্যালয়ের চাহিদা মোতাবেক প্রতিবেদন প্রেরণ।
২. মাঠ পর্যায়ে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্রের কার্যক্রমসমূহ বাস্তবায়ন, তদারকিকরণ ও তথ্য সংগ্রহকরণ এবং প্রধান কার্যালয়ের চাহিদা মোতাবেক প্রতিবেদন প্রেরণ।
৩. শিল্প পণ্যের বিপণন সম্ভাব্যতা সমীক্ষা প্রণয়ন।
৪. শিল্পের খাত/উপ-খাত ভিত্তিক প্রজেক্ট প্রোফাইল প্রণয়ন।
৫. ক্ষুদ্র ও কুটির শিল্প পণ্যের বিপণন সহায়তা, পণ্যের পরিচিতি বাজার সম্প্রসারণের লক্ষ্যে-মেলার আয়োজন ও ক্রেতা-বিক্রেতা সম্মেলন আয়োজন।
৬. শিল্প সংক্রান্ত কারিগরী তথ্য ও প্রযুক্তিগত সহায়তা প্রদান।
৭. বিনিত ঋণ কর্মসূচি বাস্তবায়নে শিল্প সহায়ক কেন্দ্রকে সহায়তাকরণ ও প্রধান কার্যালয়ে চাহিদা মোতাবেক ঋণ কর্মসূচির অগ্রগতির সমন্বিত প্রতিবেদন প্রেরণ।
৮. বিসিকের ভূসম্পত্তি রক্ষণা-বেক্ষণ এবং বিভিন্ন প্রকল্প কার্যক্রমে সহায়তা প্রদান।
৯. নীতিমালা অনুযায়ী শিল্পনগরীতে অবস্থিত শিল্প ইউনিটের নাম ও খাত পরিবর্তনের প্রস্তাব অনুমোদন। ইজারাস্বত্ব হস্তান্তর ও সাংগঠনিক কাঠামো পরিবর্তনের প্রস্তাব অনুমোদনের জন্য বিসিক প্রধান কার্যালয়ে প্রেরণ।
১০. শিল্পনগরীতে অবস্থিত কারখানা ভবন/অবকাঠামো নির্মাণের লে-আউট প্ল্যান ৬(ছয়) তলা ভবন পর্যন্ত অনুমোদন এবং তদ্বোধ তলার ক্ষেত্রে সুপারিশ প্রধান কার্যালয়ে প্রেরণ।
১১. শিল্পনগরীর অবকাঠামোগত নির্মাণ ও মেরামত কাজের প্রাক্কলন প্রণয়ন ও প্রধান কার্যালয়ের অনুমোদন গ্রহণ করে বাস্তবায়ন করা।
১২. বিভিন্ন জেলায় মৌ-পালন কর্মসূচি বাস্তবায়নে সহযোগিতা প্রদান।
১৩. প্রধান কার্যালয়ের চাহিদা মোতাবেক মাঠ পর্যায়ে থেকে শিল্পনগরীসহ সকল পর্যায়ে যাবতীয় তথ্য সংগ্রহ ও প্রেরণ।
১৪. মাঠ পর্যায়ে বাস্তবায়নাধীন প্রকল্প সমূহের কর্মকান্ড বাস্তবায়নে সহায়তা প্রদান, প্রয়োজনীয় তথ্য সংগ্রহ চাহিদা মোতাবেক প্রতিবেদন প্রেরণ।
১৫. মাঠ পর্যায়ে জেলা ও শিল্পনগরী কার্যালয়ের প্রশাসনিক এবং আর্থিক কর্মকান্ড নিয়ন্ত্রণ ও পরিচালনা।
১৬. প্রধান কার্যালয়ের চাহিদা মোতাবেক মাঠ পর্যায়ের শিসকে ও শিল্পনগরীর এম আই এস কর্মকান্ডের তথ্য সংগ্রহ করে সমন্বিত প্রতিবেদন প্রেরণ।
১৭. মাঠ পর্যায়, প্রধান কার্যালয় ও সরকারি নীতি নির্ধারনী মহলে সমন্বয়ের ভূমিকা পালন।